

(প্রেস বিজ্ঞপ্তি)

১৪ এপ্রিল ২০২২

মাদারবাড়িতে ইফতার সামগ্রী বিতরণকালে মেয়র গরীব অসহায়দের দান করাও সওয়াব

নগরীর ২৯নং পশ্চিম মাদারবাড়ি ওয়ার্ডে গতকাল মঙ্গলবার বিকেলে পাঁচশত জন অসহায় দুঃস্থ মানুষের মাঝে ইফতার সামগ্রী বিতরণ করেছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী। পশ্চিম মাদারবাড়ি ওয়ার্ড কাউন্সিলর গোলাম মোহাম্মদ জোবায়েরের ব্যক্তিগত উদ্যোগে ওয়ার্ড কার্যালয়ের সম্মুখে এই ইফতার সামগ্রী বিতরণ করা হয়। এ সময় শেখ মোহাম্মদ ইছহাক, আলী বকস, মুক্তিযোদ্ধা সিইনসি জাহাঙ্গীর, শওকত আলী, নাছের ও জসিমুল হুদা উপস্থিত ছিলেন। ইফতার সামগ্রী বিতরণকালে মেয়র বলেন, রমজান ইবাদত বন্দেগীর মাস। এই মাসে নফল ইবাদত করেও ধর্মপ্রান মুসল্লীরা ফরজ ইবাদতের সমতুল্য সওয়াব লাভ করেন বলে হাদিসে উল্লেখ আছে। তেমনি গরীব অসহায় ও দুঃস্থ মানুষের মাঝে দান করাও সওয়াবের কাজ। কাউন্সিলর জোবায়েরের এই দুর্মূল্যের বাজারে গরীব অসহায়দের পাশে ইফতার সামগ্রী দিয়ে যে সহায়তার হাত প্রসারিত করেছেন তা আমাদের সামনে অনুকরণীয় হয়ে থাকবে। আমি আশাকরি বিভ্রাটশালীগণ তাদের সাধ্য অনুযায়ী গরীব অসহায়দের সহায়তায় এগিয়ে আসবেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩